বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

(বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ড)

পরীক্ষা নিয়ন্ত্রন বিভাগ

কাজলা (ভাঙ্গাপ্রেস), ডাক- দনিয়া, যাত্রাবাড়ী, ঢাকা-১২৩৬

বহি নং-১

পরীক্ষার্থীদের নাম রেজিস্ট্রেশন (নিবন্ধন) নিয়মাবলী (ছাত্র)

৪৪তম কেন্দ্রীয় পরীক্ষা ১৪৪২ হিঃ / ১৪২৭ বাং / ২০২১ ঈঃ

পরীক্ষা বিভাগ- ০১৮৭৭৩৮৫৯৪৬, ০১৭১৬২৯৯৪৪৪, তা'লিম তরবিয়াত- ০১৭২৫৮৩৭১১৫, হিসাব শাখা- ০১৮৭৭৩৮৫৯৪৯ রেজিঃ ও ডাক- ০১৯৭৭৫০৫০৫৭, প্রকাশনা- ০১৭৯৮২৮৮৩৯২,
www.wifaqbd.org, wifaqresult.com, **E-mail : wifaqbd@ gmail.com**

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

(বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ড)

বিশেষ বিজ্ঞপ্তি

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ- এর ইলহাকভুক্ত মাদরাসাসমূহের দায়িত্বশীলদের জানানো যাচ্ছে যে, ৪৪ তম কেন্দ্রীয় পরীক্ষার রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরি কাগজপত্র পাঠান হলো। নির্ধারিত সময়ের মধ্যেই সেসব পূরণ করে বেফাকের পরীক্ষা বিভাগে পৌঁছাতে হবে। ই-মেইলের মাধ্যমে নিবন্ধন ফরম প্রেরণ এবং বিকাশের মাধ্যমে টাকা পাঠাবেন না। সার্বিক যোগাযোগ, অভিযোগ ও অবগতি পরীক্ষা বিভাগের মোবাইল নম্বরে করা জরুরি। নেগরান-মুমতাহিনের মাসউল হবেন সংশ্লিষ্ট মাদরাসার দায়িত্বশীল। তাই সতর্কতার সাথে তাদেরকে নির্বাচন করতে হবে। বেফাকুল মাদারিস সকলের প্রাণপ্রিয় প্রতিষ্ঠান। তাই এর সুনাম বৃদ্ধি করা সবারই দায়িত্ব। আমেলা ও শুরার সিদ্ধান্ত মুতাবিক যে সকল পুরাতন মারকাযের পরীক্ষার্থী সংখ্যার নির্ধারিত কোটা পূরণ হয়নি সে মারকাযগুলোকে স্থগিত রাখা হয়েছে। মাদরাসার পড়া লেখার মান উন্নত হলে পরীক্ষার মান উন্নত হবে। যোগ্যতাসম্পন্ন ও দক্ষ আলেম দ্বারা প্রেরিত কাগজ পত্র গুলো পূরণ করা খুবই জরুরি।

বিগত ১৮/৯/২০১৯ঈ. তারিখের মজলিসে আমেলার বৈঠকে মারকাযে প্রশ্নপত্র অন লাইন-এর মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অতএব আসন্ন ৪৪তম কেন্দ্রীয় পরীক্ষায় প্রশ্নপত্র মারকাযে অন লাইনের মাধ্যমে প্রেরণ করা হবে। তাই সকল মারকায মাদরাসা হতে দু'টি হোয়াটস অ্যাপস-এর নম্বর বেফাকের দফতরে পাঠিয়ে দিবেন।

বৈঠকে আরো সিদ্ধান্ত গৃহীত হয়, বেফাকের পরীক্ষার খাতা দেখার পূর্ব পদ্ধতি রহিত করে আসন্ন ৪৪তম কেন্দ্রীয় পরীক্ষায় সকল মুমতাহিনগণকে বেফাক কর্তৃক মনোনীত আঞ্চলিক খাতা দেখার কেন্দ্রে আহবান করে ১০দিন ব্যাপী খাতা দেখার কর্মশালা অনুষ্ঠিত হবে। সুতরাং আপনার মাদারাসার পুরুষ শিক্ষকগণকে মুমতাহিন হিসাবে তালিকাভুক্ত করার পূর্বে ১৫ শা'বান হতে ২৪ শা'বান পর্যন্ত ১০ দিনের জন্য নির্ধারিত কেন্দ্রে উপস্থিত হয়ে খাতা দেখার সম্মতি গ্রহণ করবেন। অতএব শিক্ষিকাদের আবেদন করার প্রয়োজন নেই।

মা'আসসালাম

(মাওলানা) মুহাম্মাদ যুবায়ের

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ

পরীক্ষার্থী নিবন্ধন (রেজিস্ট্রেশন) ফরম পূরণের নিয়মাবলী

৪৪তম কেন্দ্রীয় পরীক্ষার তারিখ ০৫ শা'বান ১৪৪২ হিজরী মোতাবেক ১৮ মার্চ ২০২১ ঈ: রোজ বৃহস্পতিবার নির্ধারণ করা হয়েছে। নিবন্ধণ ফরম ও আনুসংগিক কাগজপত্র পাঠানো হল। সকল ছাত্রের নিবন্ধন এক সাথে করতে হবে। নিবন্ধণ (রেজিস্ট্রেশন) ফি সকল মারহালার প্রতিজন পরীক্ষার্থীর জন্য ২০০/= (দুইশত) টাকা নির্ধারিত। বিলম্বের ক্ষেত্রে প্রতিজন পরীক্ষার্থীর জন্য নিবন্ধন ফি ৩০০/- টাকা নির্ধারিত।

১। পরীক্ষার্থী নিবন্ধন ফরমে মাদরাসার নাম ও পূর্ণ ঠিকানা (বাংলা ও আরবীতে), ইলহাকী নং, ফোন/মোবাইল নম্বর, মারহালার নাম, মারকাযের নাম ও ইলহাকী নং পরিচ্ছন্নভাবে লিখতে হবে। 'নিবন্ধন খতিয়ান নং' ঘরটি বেফাক দফতর পূরণ করবে।

২। ফরমের লেখা হুবহু অনুসরণ করে বেতাকা (প্রবেশপত্র) ও সনদ লেখা হয়। প্রবেশপত্রে ও সনদে নাম ভুল বা অশুদ্ধ সাব্যস্ত হওয়া পরীক্ষার্থী, শিক্ষা প্রতিষ্ঠান ও বেফাকের গ্রহণযোগ্যতা ও ভাবমূর্তির জন ক্ষতিকর।

৩। জন্ম তারিখে শুধু জন্ম সন বা বয়স লিখবেন না,বরং তারিখ, মাস ও সন লিখবেন। নাম-ঠিকানা, জন্ম তারিখ ইত্যাদি তথ্য জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র (আইডি কার্ড) অনুযায়ী লিখুন।

৪। প্রতিটি ফরমে দশজন পরীক্ষার্থীর নাম লেখা যাবে। তবে প্রতি মারহালার জন্য ভিন্ন ফরম ব্যবহার করতে হবে।

৫। কোন পুরুষ মারকাযে কোন বালিকা পরীক্ষা দিতে পারবে না। আপনার মাদরাসায় কোন বালিকা পরীক্ষার্থী থাকলে ভিন্ন একটি ইলহাকী নম্বরে তাদের অন্তর্ভুক্ত করতে হবে। এ ইলহাকী নম্বর বেফাকের পরীক্ষা বিভাগে যোগাযোগ করে জেনে নিতে হবে। এ পরীক্ষার্থীনীকে কোন বালিকা মারকাযে পরীক্ষার ব্যবস্থা করতে হবে। তবে কোন বালিকা মাদরাসা হতে বালক/পুরুষ পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারবে না।

৬। 'নিবন্ধন নং' ঘরটি খালি রাখুন। এটা বেফাক দফতর পূরণ করবে।

৭। **৩০ রবিউল আউয়াল'৪২ হিজরী এর মধ্যে নিবন্ধন ফরম ও ফি বেফাক দফতরে পৌঁছে যেতে হবে।** এর পরে ১০ রবিউস সানী পর্যন্ত প্রতি পরীক্ষার্থীর নিবন্ধন ফি ৩০০/- টাকা নির্ধারিত। কোন ক্রমেই ১০ রবিউস সানী এর পর নিবন্ধন ফি জমা দেয়া যাবে না।

৮। চেক, টিটি ও অন লাইন অথবা অন্যান্য মাধ্যমে টাকা পাঠাবেন না। খামের ভিতর নগদ টাকা প্রেরণ করা বিধি সম্মত নয় । কাজেই এসব মাধ্যমে টাকা প্রেরণের কারণে ক্ষতিগ্রস্ত হলে তার দায়িত্ব বেফাক বহন করবে না।

৯। যে কোন প্রকার টাকা প্রেরণ ও আর্থিক লেন-দেন সংক্রান্ত তথ্য জানার জন্য ০১৯৭৭৫০৫০৫৭, ০১৮৭৭৩৮৫৯৪৯ নম্বরে যোগাযোগ করুন।

১০। বেফাকের ওয়েব সাইট ঃ **www.wifaqbd.org, www.wifaqresult.com**-এবং **E-mail: wifaqbd@ gmail.com**

বিঃ দ্রঃ- নিবন্ধন ফরম পূরণের পর ফটোকপি করে সংরক্ষণ করুন। যে কোন সময় প্রয়োজন হতে পারে। বেফাক দফতরে নিবন্ধন কার্যক্রম শেষে নিবন্ধন নম্বরযুক্ত পরীক্ষার্থী অন্তর্ভুক্তি ফরম পাঠিয়ে দেয়া হবে।

পরীক্ষার্থীদের নিবন্ধন ফি'–এর টাকা পাঠানোর নিয়মাবলী

১। **নিবন্ধন ফি'**-এর টাকা **"বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ" /"Befaqul Madarisil Arabia Bangladesh"** এই নামে যে কোন ব্যাংকে পে অর্ডার করে, পে অর্ডারের মূল কপিসহ **নিবন্ধন** ফরম অফিসে নিজ হাতে অথবা লোক মারফত জমা দিতে হবে। অন্য মাধ্যমে প্রেরণ করলে উল্লিখিত নিয়ম মোতাবেক পে অর্ডার করে, পে অর্ডারের মূল কপি ও ফরম এক সঙ্গে প্রেরণ করতে হবে।

২। পে অর্ডার করতে একান্ত অপারগ হলে সর্বোচ্চ ১০,০০০ /- টাকা পর্যন্ত অফিসে নগদ জমা দেয়া যাবে। ১০,০০০/- টাকার ঊর্ধ্বে হলে অবশ্যই পে অর্ডার- এর মাধ্যমে জমা দিতে হবে ।

৩। চেক, টি টি, অনলাইন, কুরিয়ার সার্ভিস বা খামের ভিতর অথবা অন্য কোন পন্থায় টাকা পাঠালে বেফাক কর্তৃপক্ষ এ টাকা উত্তোলন করবে না এবং এর কোন দায়-দায়িত্বও বহন করবে না।

৪। হাতে হাতে নিবন্ধন-ফরম ও ফি' পৌঁছাবার সুবিধার্থে মারকাযের অন্তর্ভুক্ত সকল মাদরাসার কাগজপত্র ও পে অর্ডার (নিবন্ধন ফি'-এর টাকা) - এর মূলকপি একসাথে বেফাক অফিসে নিয়ে আসা যেতে পারে।

৫। পে অর্ডার এর মূল কপির অপর পৃষ্ঠায় যে সকল মাদরাসার টাকা পে অর্ডার করা হয়েছে তাদের ইলহাক নং ও মোবাইল নং পেনসিল দ্বারা লিখে দিতে হবে।

৬। নিবন্ধন ফি এর অতিরিক্ত টাকা ডিডি ও পে-অর্ডার করলে আলাদা কাগজে উক্ত টাকার বিবরণ ও ইলহাক নং উল্লেখ করতে হবে।

৭। পে-অর্ডারের নম্বর ও ব্যাংকের নাম, টাকার পরিমাণ মারহালাওয়ারী বিবরণী ফরমে অবশ্যই উল্লেখ করবেন।

বিঃ দ্রঃ- ব্যাংকে পে অর্ডার করার ক্ষেত্রে বিশেষভাবে লক্ষণীয় :

(১) পে' অর্ডার কপির উপরে ডান প্রান্তে তারিখের ঘর সঠিকভাবে পূরণ হয়েছে কি না তা দেখে নেওয়া আবশ্যক।

(২) পে অর্ডার এর Pay to (শিরোনাম) **"বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ" / "Befaqul Madarisil Arabia Bangladesh"** বাংলা / ইংরেজী যে নামেই হোক, আক্ষরিক বানানের সঠিকতা দেখে নেওয়া আবশ্যক।

(৩) পে' অর্ডার এর টাকার পরিমাণ অংকে ও কথায় মিলিয়ে নিতে হবে।

(৪) পে' অর্ডার এর নিচের অংশে মাঝামাঝি ও শেষ প্রান্তে দুই জায়গায় সাধারণত **AUTHORISED SIGNATURE** শব্দ লেখা থাকে। এ জায়গা দু'টির উপরে ২ জন ব্যাংক অফিসার স্বাক্ষর করবেন। দু'টি স্বাক্ষর-ই হয়েছে কি না তা' ভালভাবে দেখে নেয়া জরুরি।

(৫) কোন ব্যাংক পে' অর্ডার দিতে অপারগতা প্রকাশ করলে উপর্যুক্ত শর্ত সাপেক্ষে ডি.ডি গ্রহণ করা যাবে। তবে সে ক্ষেত্রে ডি.ডি-এর নিচে বামপ্রান্তে **Branch Name** ও **Routing Number** নির্ভুল হতে হবে। **উল্লিখিত বিষয়গুলোর কোন একটি অসম্পুর্ণ থাকলে পে' অর্ডার বাতিল বলে গন্য হবে।**

*** পরীক্ষা বিভাগীয় যে কোন তথ্যের জন্য :** পরীক্ষা নিয়ন্ত্রক ০১৮৭৭৩৮৫৯৪৬, ০১৭১৬২৯৯৪৪৪,

*** মাদরাসা রেজিস্ট্রেশন, ডাক যোগাযোগ ও আর্থিক লেনদেন :** ০১৯৭৭৫০৫০৫৭

*** কেবলমাত্র পরীক্ষা বিভাগীয় আর্থিক লেনদেন:** ০১৮৭৭৩৮৫৯৪৯।

নেসাব সংক্রান্ত ঘোষণা

৪৪তম কেন্দ্রীয় পরীক্ষা ১৪৪২হিঃ / ১৪২৭বাং / ২০২১ঈঃ

১। (ক) ফযীলত (পুরুষ) মারহালার শরহুল আকাইদের সাথে 'আল ফিরাকুল বাতিলা'-র পরীক্ষা নেয়া হয়। এর অন্তর্ভূক্ত বিষয়সমূহ হচ্ছে- ক) কাদিয়ানী ও বাহাঈ মতবাদ (খ) শিয়া মতবাদ, (গ) মওদুদী মতবাদ (ঘ) গায়র মুকাল্লিদিয়াতেরমতবাদ এবং (ঙ) বিদ'আতী মতবাদ। কেন্দ্রীয় পরীক্ষায় এ সব বিষয়ের উপর 'অথবা যুক্ত' একটি প্রশ্ন থাকবে। এ বিষয়ের জন্য সহযোগী পাঠ্য হিসাবে নির্ধারিত কিতাব 'ইসলামী আকীদাহ ও ভ্রান্ত মতবাদ' লেখক -মাওলানা হেমায়েত উদ্দীন। (আল ফিরাকুল বাতেলা এর নমুনা প্রশ্ন সরবরাহ করা হয়।)

(খ) ফযীলত (মহিলা) মারহালায় বিগত ৩৫ তম কেন্দ্রীয় পরীক্ষা হতে হিদায়া ৪র্থ খন্ডের ১০০ নম্বরের পরীক্ষা দেয়া বাধ্যতামূলক।

২। ৩৫ তম কেন্দ্রীয় পরীক্ষা হতে মহিলা মাদারাসার জন্য সানাবিয়া উলইয়া মারহালার পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। তাই সানাবিয়া মারহালার পরীক্ষায় অংশগ্রহণ না করলে ফযীলতের পরীক্ষা নেয়া হবে না।

৩। মুতাওয়াসসিতাহ মারহালায় (বালক ও বালিকা) -এর বাংলা ব্যাকরণের জন্য বেফাকের প্রকাশিত বই (সরল বাংলা ব্যাকরণ ও রচনা -৩) পাঠ্য ভূক্ত করতে হবে।

৪। ক) ইবতিদাইয়্যাহ মারহালায় কুরআন শরীফ নাযিরা পরীক্ষায় উত্তীর্ণ না হলে পরীক্ষায় অনুত্তীর্ণ বিবেচিত হবে। উত্তীর্ন নম্বর- ৫০।

খ) ইবতিদাইয়্যাহ মারহালায় (বালক ও বালিকা) তা'লীমুল ইসলাম ৪র্থ এর সাথে -ইসলামী তাহযীব পুস্তকের ৫ম অধ্যায়ের ৪৮-৬০ পৃষ্ঠা হতে 'অথবা যুক্ত' ১টি প্রশ্ন থাকবে। এ প্রশ্নের উত্তর বাধ্যতামূলক। নির্ধারিত নম্বর -১০।

গ) ইবতিদাইয়্যাহ মারহালায় ইংরেজী গ্রামারের জন্য বেফাকের প্রকাশিত বই (আইডিয়াল প্রাইমারী গ্রামার) পাঠ্য করতে হবে।

ফেরাকে বাতেলা সম্পর্কিত নমুনা প্রশ্ন

১. **বিদ'আত ঃ** (ক) বিদ'আতের আভিধানিক ও পারিভাষিক সংজ্ঞা দাও।(খ) বিদ'আতের শরয়ী বিধান কি ? আলোচনা কর।
(গ) আধুনিক কালের উদ্ভাবিত যন্ত্রপাতি যা রাসূল (সা.)-এর যুগে ছিল না, তা ব্যবহার করা কি বিদ'আত বলে গন্য হবে ? যুক্তি প্রমাণের ভিত্তিতে আলোচনা কর।
(ঘ) বিদ'আতীকে শরীয়তের দৃষ্টিতে কাফের বলা যাবে?

২. **কাদিয়ানী ধর্মমত ঃ**
ক) কাদিয়ানী ধর্মমত কী ? এর প্রতিষ্ঠাতা কে? এবং কখন প্রতিষ্ঠা করেছে ? তাদের এ নামে নামকরণের কারণ কি? তাদের ক্রমবিকাশের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা কর।
খ) কাদিয়ানীদের ভ্রান্ত আকীদা-বিশ্বাসগুলো উল্লেখ কর।
গ) খতমে নবুওয়ত বলতে কি বুঝ ? এ সম্পর্কে কাদিয়ানীদের আকীদা উল্লেখ করে কুরআন সুন্নাহের আলোকে তাদের ভ্রান্তি প্রমাণ কর।

শিয়া মতবাদ ঃ
(ক) শিয়া কারা? তাদের উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাস আলোচনা কর।
(খ) শিয়াদের মৌলিক আকীদাগুলো কী কী ? এ ক্ষেত্রে ইসলামের প্রকৃত দৃষ্টিভঙ্গি উল্লেখ কর।
(গ) শিয়াদের আকীদাসমূহের ভ্রান্তি কুরআন ও সুন্নাহের আলোকে প্রমাণ কর।

৩. **মওদুদী মতবাদ ঃ**
ক) মওদুদী মতবাদ বলতে কী বুঝ?
খ) মওদুদী মতবাদের ভ্রান্ত ধারণা - বিশ্বাসসমূহ কী কী ? আলোচনা কর।
গ) সাহাবীগণের মি'য়ারে হক হওয়া সম্পর্কে তাদের ধারণা ও মতামত কি এবং এ ধারণা ও মতামতের পক্ষে যুক্তিগুলো কী কী ?
ঘ) কুরআন ও হাদীসের আলোকে প্রমাণ কর যে, সাহাবীগণ মি'য়ারে হক (সত্যের মানদন্ড) ছিলেন।

৪. **এন.জি.ও ঃ** (ক) এন.জি.ও বলতে কী বুঝ? আমাদের দেশে বিদেশী এন.জি.ও-এর সংখ্যা কত এবং তাদের কর্মতৎপরতা কী ? আলোচনা কর।
(খ) আমাদের ধর্মীয় বিশ্বাস ও রাজনৈতিক অঙ্গনে অমুসলিম এন.জি.ও- দের নগ্ন হামলা ও অশুভ তৎপরতার উপর একটি প্রতিবেদন পেশ কর।

কেন্দ্রীয় পরীক্ষার নেসাব (দরসিয়াত : পুরুষ)

১৪৪২ হিজরী শিক্ষা বছরের জন্য কার্যকর

মারহালাতুত তাকমীল : (দাওরায়ে হাদীস স্নাতকোত্তর ডিগ্রী)

ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ	ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ
১	হাদীস	বুখারী শরীফ	১ম খণ্ড পূর্ণ	২	হাদীস	বুখারী শরীফ	২য় খণ্ড পূর্ণ
৩	হাদীস	মুসলীম শরীফ	১ম খণ্ড পূর্ণ	৪	হাদীস	মুসলিম শরীফ	২য় খণ্ড পূর্ণ
৫	হাদীস	তিরমিযী শরীফ	১ম খণ্ড পূর্ণ	৬	হাদীস	তিরমিযী শরীফ ও শামাইলুত তিরমিযী	২য় খণ্ড পূর্ণ

৭	হাদীস	আবূ দাউদ শরীফ	পূর্ণ	৮	হাদীস	**নাসায়ী শরীফ ও ইবনু মাজাহ শরীফ**	পূর্ণ
৯	হাদীস	মুয়াত্তা ইমাম মালিক (র:) ও মুয়াত্তা ইমাম মুহাম্মাদ (র:)	পূর্ণ পূর্ণ	১০	হাদীস	শারহু মা'আনিল আছার (তাহাবী শরীফ)	পূর্ণ
১১	তিলাওয়াত						

মারহালাতুল ফযীলাত (স্নাতক ডিগ্রী)

ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ	ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ
১	হাদীস	মিশকাত শরীফ	১ম খণ্ড পূর্ণ	২	হাদীস	মিশকাত শরীফ	২য় খণ্ড পূর্ণ
৩	তাফসীর	তাফসীরুল বায়যাবী	প্রথম পারা	৪	ফিক্হ	হিদায়া	৩য় খণ্ড পূর্ণ
৫	ফিক্হ	হিদায়া	৪র্থ খণ্ড পূর্ণ	৬	'আকাঈদ	শরহুল 'আকাঈদ ও আল ফিরাকুল বাতিলাহ	পূর্ণ
৭	উসূলুল হাদীস	নুযহাতুন নাজার ফী তাওযীহি নুখবাতিল ফিকার	পূর্ণ	৮	ইতিহাস	তাহরীকে দেওবন্দ: দেওবন্দ আন্দোলন, ইতিহাস,ঐতিহ্য ও অবদান	পূর্ণ

বি: দ্র:- বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের মাদরাসাসমূহ 'তাফসীরুল বায়যাবী'-র পরিবর্তে জালালাইন শরীফ (কামিল) -এর পরীক্ষা দিতে পারবে।

আল মারহালাতুস সানাবিয়াতুল 'উলইয়া : (উচ্চ মাধ্যমিক)

ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ	ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ
১	বালাগাত	মুখতাসারুল মা'আনী	ফন্নুল মা'আনী	২	ফিক্হ	শরহুল বিকায়া	১ম ও ২য় খণ্ড পূর্ণ
৩	উসূলুল ফিক্হ	নূরুল আনওয়ার	কিতাবুল্লাহ	৪	আরবী আদব	মাকামাতুল হারীরী	১-১০ মাকামাহ
৫	তাফসীর	তরজমাতুল কুরআন	প্রথম ১৫ পারা	৬	ইন্শা	আত্-ত্বরীক ইলাল ইনশা	৩য় খণ্ড পূর্ণ
৭	**ইলমুল ফারাইয**	সিরাজী	মুনাসাখার পূর্ব পর্যন্ত				

আল মারহালাতুল মুতাওয়াসসিতাহ (নিম্ন মাধ্যমিক)

ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ	ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ
১	নাহব	নাহবে মীর	পূর্ণ	২	নাহব	শরহু মিআতি 'আমিল	পূর্ণ
৩	ছরফ	পাঞ্জেগাঞ্জ অথবা 'ইলমুছ ছরফ	খাছিয়াত পর্যন্ত ৩য় ও ৪র্থ খণ্ড পূর্ণ	৪	আরবী সাহিত্য	রওজাতুল আদব	১-৬ বাব
৫	ফিকহ	মা-লা-বুদ্দা মিনহু / আল ফিকহুল মুয়াস্সার	পূর্ণ	৬	সীরাত	সীরাতে খাতামুল আম্বিয়া	পূর্ণ
৭	ফারসী সাহিত্য/ অথবা বাংলা সাহিত্যও ব্যাকরণ	গুলিস্তাঁ / সাহিত্য সওগাত সরল বাংলা ব্যাকরণ	১ম ও ৮ম বাব ২য় ভাগ পূর্ণ ৭ম শ্রেণী				

বি: দ্র:- বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের মাদরাসাসমূহ 'রওযাতুল আদব'-এর পরিবর্তে 'মুফীদুত তালিবীন' -এর পরীক্ষা দিতে পারবে।

আল মারহালাতুল ইবতিদাইয়্যাহ (৫ম শ্রেণী) প্রাথমিক

ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ	ক্রমিক	বিষয়	কিতাব	পরিমাণ
১	কুরআন শরীফ	কুরআন শরীফ (নাযিরা) তাজবীদ সহ	পূর্ণ কুরআন শরীফ	২	ফিকহ	তা'লীমুল ইসলাম ও ইসলামী তাহযীব	৪র্থ খণ্ড পূর্ণ ৫ম অধ্যায়
৩	উর্দূ ও কাওয়ায়েদ	উর্দূ কী তেসরী কিতাব (ইমদাদিয়া লাইব্রেরী)	পূর্ণ	৪	**ফারসী অথবা ইংরেজী ও গ্রামার**	ফারসী কী পহেলী ও তাইসীরুল মুবতাদী / মাই ইংলিশ বুক-৫ম **ও** আইডিয়াল প্রাইমারী গ্রামার	পূর্ণ ৫ম ভাগ পূর্ণ
৫	**বাংলা সাহিত্য ও ব্যাকরণ**	আদর্শ বাংলা পাঠ ও আদর্শ বাংলা ব্যাকরণ	৫ম ভাগ পূর্ণ ৫ম শ্রেণী	৬	গণিত	প্রাথমিক গণিত	৫ম ভাগ পূর্ণ
৭	সমাজ (সমাজ ও ভূগোল)	ইতিহাস পাঠ ভূগোল ও সামাজ পরিচিতি	৫ম শ্রেণী পূর্ণ ৫ম শ্রেণী পূর্ণ				

হিফযের নেসাব ও পরীক্ষা সংক্রান্ত জরুরি ঘোষণা

বিগত ২০/০৪/৯৪ ঈসায়ী তারিখে হিফযের নেসাব পুন:বিন্যাস কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। এতে হিফয খানার নেসাব ও পরীক্ষা সংক্রান্ত যে সব সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তা হতে প্রয়োজনীয় বিষয়গুলো এখানে উদ্ধৃত করা হলো। এ সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার এবং পরীক্ষার্থী ও হিফয বিভাগীয় শিক্ষকগণসহ সংশ্লিষ্ট সকলকে তা অবহিত করার জন্য মাদরাসা কর্তৃপক্ষকে অনুরোধ করা গেল।

হিফযের নেসাব

হিফযের নেসাবের অন্তর্ভুক্ত বিষয় হবে মোট চারটি। যথা-

১। **হিফযুল কুরআন :** ৩০ পারা মুখস্থ, হদর ও তারতীল উভয় প্রকারে আমলী তাজবীদসহ।

২। **তাজবীদ :** নুযহাতুল ক্বারী বা সমপর্যায়ের কোন কিতাবের মাসায়েল সমূহ যুবানী (মৌখিক) পড়াতে হবে-সিফাতে হরূফ ব্যতীত।

৩। তাহ্যীব : ইসলামী তাহ্যীব :

(ক) আদইয়ায়ে মসনূনাহ। ইসলামী তাহ্যীব পুস্তকের সাহায্যে যুবানী (মৌখিক) শেখাতে হবে।

(খ) আমল-আখলাক ও ঈমান-আকীদাহ : ইসলামী তাহযীব।

৪। মাসায়েলে জরুরীয়াহ : জরুরি মাসায়েল শিখাতে হবে। জরুরি মাসায়েলের মধ্যে উযু, গোসল, তাইয়াম্মুম, পানি, নাজাসাত, ইস্তিঞ্জা, আযান, নামায, জানাযা, রোযা, কুরবানী, আকীক্বাহ অন্তর্ভূক্ত থাকবে। রাহে নাজাত (বাংলা) বা সম পর্যায়ের কোন কিতাব আবলম্বনে এগুলো শেখাতে হবে।

পরীক্ষা মৌখিক : বিষয় মোট ৩টি। মান : ২০০

১। হিফয-এর মান = ১০০	প্রশ্ন মোট ৩টি। বাধ্যতামূলক	পাস নম্বর হবে ৫০
২। তাজবীদ-এর মান = ৫০	প্রশ্ন মোট ৩টি। দু'টির জবাব কাম্য	পাস নম্বর হবে ২০
৩। মাসায়েল-এর মান = ৫০	প্রশ্ন মোট ৩টি। দু'টির জবাব কাম্য	পাস নম্বর হবে ২০

বিভাগ : তৃতীয় বিভাগ (মাকবূল) : তিলাওয়াত (ইয়াদ) বিষয়ের ৫০ সহ মোট ৯০ নম্বর, দ্বিতীয় বিভাগ (জায়্যিদ)) : তিলাওয়াত (ইয়াদ) বিষয়ের ৬০ সহ মোট ১২০ নম্বর, ১ম বিভাগ (জায়্যিদ জিদ্দান) : তিলাওয়াত (ইয়াদ) বিষয়ের ৭০ সহ মোট ১৫০ নম্বর, এবং মুমতায (স্টার মার্ক) : তিলাওয়াত (ইয়াদ) বিষয়ের ৮০ সহ মোট ১৭০ নম্বর।

'ইলমুত তাজবীদ ওয়াল কিরাআতের (উচ্চ তাজবীদ ও কিরা'আতের) নেসাব

ইমাম হাফস (রহ.)-এর রেওয়ায়েতের ভিত্তিতে এ নেসাব পরিচালিত হবে। ভর্তির যোগ্যতা : জামায়াতে শরহে জামী (১০ম শ্রেণী) পাস হতে হবে।

১ম বর্ষ

বিষয়	ঘণ্টা	পরীক্ষার মান
(ক) মশ্‌ক : সূরা ক্বাফ হতে সূরা নাস পর্যন্ত (অর্থাৎ শেষ মনযিল)	প্রত্যহ ১ঘণ্টা, সপ্তাহে ৭ ঘণ্টা	১০০
(খ) তাজবীদ : জামালুল কুরআন ও ফাওয়ায়েদে মক্কিয়াহ	ঐ	১০০
(গ) হিফয : আম্মা পারা	ঐ	১০০
		৩০০

বিষয়	ঘণ্টা	পরীক্ষার মান
(ক) মশ্‌ক : বাকী কুরআন শরীফ	প্রত্যহ ১ঘণ্টা, সপ্তাহে ৭ ঘণ্টা	(তারতীল ১০০+হদর ৫০) = ১৫০
(খ) তাজবীদ : জামালুল কুরআন	ঐ	১০০
(গ) হিফয : ২৯ নং পারা পূর্ণ	ঐ	৫০
		৩০০

উল্লেখ্য যে, প্রতি ঘণ্টা ৯০ মিনিটের হতে হবে। উপরোক্ত নেসাব পড়া ব্যতীত কেহ এ পরীক্ষা দিতে পারবে না।

বিজ্ঞপ্তি

বেফাকের বিগত ৪৩তম কেন্দ্রীয় পরীক্ষায় সানাবিয়া 'উলইয়া মারহালার পরীক্ষায় অংশগ্রহন না করা প্রসঙ্গে।

তাসলীম বা'দ, আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সানাবিয়া 'উলইয়া মারহালার পরীক্ষায় অংশ গ্রহণ না করলে ফযীলত মারহালার পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

অতএব আসন্ন ৪৪তম কেন্দ্রীয় পরীক্ষায় সানাবিয়া 'উলইয়া মারহালার পরীক্ষায় অংশগ্রহণ না করলে কোন ক্রমেই ফযীলত মারহালায় নিবন্ধন করা যাবেনা ।

বি:দ্র: ইতিপূর্বে যে সকল মাদরাসার প্রতিনিধিগণ নিবন্ধনের সময় সানাবিয়া 'উলইয়া মারহালার পরীক্ষায় অংশগ্রহণ করবেন মর্মে অঙ্গীকার করেছেন তারা অবশ্যই আসন্ন ৪৪তম কেন্দ্রীয় পরীক্ষায় তা বাস্তবায়নে যত্নবান হবেন

অধ্যাপক মাওলানা যোবায়ের আহমদ চৌধুরী
মহাপরিচালক
বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ